নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ফজরের সালাত আদায়ের পর সূর্য স্পষ্টভাবে উদিত না হওয়া পর্যন্ত সালাতের জায়গায় বসে থাকতেন

জাবের ইবন সামুরা রাদিয়াল্লাহু ‘আনহু হতে বর্ণিত, নবী সাল্লাল্লাহু আলাইহি
ওয়াসাল্লাম ফজরের সালাত আদায়ের পর সূর্য স্পষ্টভাবে উদিত না হওয়া পর্যন্ত সালাতের জায়গায় বসে থাকতেন। জাবির আরও বলেন, রাসূল মসজিদের যে জায়গায় ফজরের সালাত (অথবা
বলেছেন ভোরের সালাত) আদায় করতেন সূর্য উদিত না হওয়া পর্যন্ত সেখান থেকে উঠতেন না। সূর্য উদিত হওয়ার পর তিনি সেখান থেকে উঠতেন। লোকজন তখন জাহিলী যুগের ঘটনাবলী
সম্পর্কে আলোচনা করত। এসব ঘটনা আলোচনা করতে গিয়ে লোকজন হাসত আর তা দেখে
রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মুচকি হাসতেন।
[সহীহ] [ইমাম মুসলিম এটি বর্ণনা করেছেন]

নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সুন্নতের মধ্যে ছিল—তিনি ফজরের সালাত আদায় করার পর তাঁর সালাতের জায়গায়ই বসে থাকতেন, যতক্ষণ না সূর্য উঁচু হয়ে ওঠে। তিনি সেই জায়গা থেকে উঠতেন না, যেখানে তিনি ফজরের সালাত আদায় করতেন, যতক্ষণ না সূর্য ওঠে। যখন সূর্য উঠে যেত, তখন তিনি উঠে যেতেন। সাহাবীগণ তখন নিজেদের ইসলাম-পূর্ব কিছু ঘটনা নিয়ে আলোচনা করতেন, আর তিনি চুপচাপ শুনতেন। তারা হাসতেন, আর কখনও কখনও তিনি তাদের সঙ্গে মুচকি হাসতেন।

https://sunnah.global/hadeeth/bn/show/65411